মেহেরপুরে চাষীদের কার্ড বাতিলের প্রতিবাদে মানববন্ধন

মেহেরপুর সদর উপজেলার কালি গাংনী গ্রামের ব্রিটিশ আমেরিকান টোব্যাকো কোম্পানির লিফ রিজনের অর্ধশত তামাক চাষীদের তামাক বিক্রয়ের কার্ড প্রতিহিংসা পরায়ন হয়ে বাতিল করার প্রতিবাদে মানববন্ধন করেছে ভুক্তভোগী চাষীরা।

আজ মঙ্গলবার বিকেলে কালিগাংনী-কাথুলী সড়কে মানববন্ধন করেন তামাক চাষীরা। মানববন্ধনে নেতৃত্বদেন, কালিগাংনী গ্রামের লিফ রিজনের তামাকচাষী মানিক হোসেন।

তিনি লিখিত বক্তব্যে বলেন, ব্রিটিশ আমেরিকান টোব্যাকো কোম্পানির আঞ্চলিক ব্যবস্থাপক (আর এম) হাসিবুর রহমান, এরিয়া লিফ ম্যানেজার সাইফুল ইসলাম, সহকারী লিফ ম্যানেজার তাসনিম হোসেন, যোগদানের পর থেকে মেহেরপুরে অনিয়ম দুর্নীতির মাধ্যমে তামাক ক্রয় করে আসছিলেন। গত বছর আমাদের এলাকার প্রকৃত তৃাাক চাষীদের তামাক না নিয়ে দালালদের মাধ্যমে অন্য জেলার বড় বড় তামাক ব্যবসায়ীদের নিকট থেকে কেজিপ্রতি কমিশন নিয়ে নিম্নমানের তামাক ক্রয় করেন। ফলে কার্ডে তামাক বিক্রি করা ও ন্যায্যমুল্য থেকে বঞ্চিত হন চাষীরা। এমন নানা অনিয়মের প্রতিবাদ করি। এঘটনায় ক্ষিপ্ত হয়ে কালিগাংনী গ্রামের লিফ রিজনের প্রায় ৪০ জন তামাক চাষীর কার্ড অবৈধভাবে বাতিল করেছেন বলে আমরা জানতে পেরেছি।

আমরা এই ঘটনার বিষয়টি ব্রিটিশ টোব্যাকো কোম্পানির ঊর্ধ্বতন কর্মকর্তার সুদৃষ্টি কামনা করছি। কার্ড কেটে দেওয়ার বিষয়টি তদন্ত করে নিয়মানুগ ব্যবস্থা নেওয়ার দাবি করছি। একই সাথে আমাদের কার্ড তালিকাভুক্ত করার দাবী জানাচ্ছি।

মানববন্ধনে উপস্থিত ছিলেন, কালি গাংনী গ্রামের লিফ রিজনের তামাক চাষী, জাকের হোসেন, ইশারত আলী, জিনারুল ইসলাম, পিকলু, জিয়া উল হক, ইয়ারুল ইসলাম, সরোত দাস, ভরোত দাস, রকবুল হোসেন, গোলাম মোস্তফা, রমজান আলী, আখের আলী, মাহাবুল হক, আসাদুল হকসহ গ্রামের অর্ধশত তামাক চাষীরা মানববন্ধনে আংশ গ্রহন করেন

মিথ্যা ও হয়রানিমূলক মামলার প্রতিবাদে কোটচাঁদপুরে মানববন্ধন

মিথ্যা ও হয়রানিমূলক মামলার প্রতিবাদে কোটচাঁদপুরের এড়ান্দাহ গ্রামে মানববন্ধন করেছেন ভুক্তভোগীরা। শুক্রবার বিকেলে এ মানববন্ধন করেন তারা।

জানা যায়, কোটচাঁদপুরের এড়ান্দা গ্রামের আছিয়া খাতুন। তিনি বীর শ্রেষ্ট হামিদুর রহমানের বোন। এর প্রভাব খাটিয়ে এলাকার মানুষকে বিভিন্ন ভাবে মারপিট ও হয়রানি করে আসছে। সম্প্রতি তিনি বাদি হয়ে ওই গ্রামের গণমাধ্যম কর্মী শামীম হোসেন সহ কয়েক জনের নামে আদালতে মামলা করেছেন। এ মামলার প্রতিবাদে গতকাল শুক্রবার বিকেলে কোটচাঁদপুরের এড়ান্দা গ্রামবাসী মানববন্ধন করেন।

মানববন্ধনে বক্তব্য রাখেন, গণমাধ্যম কর্মী শামীম হোসেন, মুহিদুল ইসলাম,সাবিনা খাতুন সহ আরো অনেকে। তারা বলেন,বীর শ্রেষ্ট হামিদুর রহমানের বোন আছিয়া খাতুন আর ভাগ্নে বকুল হোসেন। এ দাপটে তারা আমাদের কে বিভিন্ন সময় শারীরিক ও মানুষিক ভাবে হয়রানি করে আসছে।

সম্প্রতি তারা আদালতে মিথ্যা মামলা করেছেন আমাদের নামে। যার সঙ্গে আমরা কেউ জড়িত নই। এরপরও এ ধরনে মিথ্যা মামলা দিয়ে আমাদেরকে হয়রানি করছেন।

মানববন্ধন থেকে ভুক্তভোগীরা অবিলম্বে এ ধরনে মিথ্যা মামলা প্রত্যাহারের দাবি জানিয়েছেন।

চুয়াডাঙ্গা জেলা রেজিস্ট্রারের অফিসে হামলার প্রতিবাদে দামুড়হুদায় মানববন্ধন

চুয়াডাঙ্গা জেলা রেজিস্ট্রার মোহাম্মদ আব্দুল মোতালেবের দপ্তরে গতকাল মঙ্গলবার সকালে বর্বরোচিত সন্ত্রাসী হামলার প্রতিবাদে দামুড়হুদা উপজেলা সাব রেজিস্ট্রার অফিস ও দামুড়হুদা উপজেলা দলিল লেখক সমিতি মানববন্ধন করেছে।

গতকাল মঙ্গলবার বিকেল আনুমানিক ৪টার দিকে দামুড়হুদা উপজেলা সাব রেজিস্ট্রার অফিসের সামনে এ মানববন্ধন কর্মসূচি পালন করা হয়।

এসময় উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা দলিল লেখক সমিতির সভাপতি দেলোয়ার হোসেন, সাধারণ সম্পাদক বজলুর রহমান, কোষাধ্যক্ষ শমশের আলী, দলিল লেখক সাইদুর রহমান, আঃ মজিদ, রেজাউল হক, সাজিদ হাসান সোহাগ, নকল নবিশ লিটন, সহ শতাধিক দলিল লেখক ও সাব রেজিস্ট্রার অফিসের কর্মচারীবৃন্দ।
মানববন্ধনে বক্তারা বলেন, জেলা রেজিস্ট্রারের অফিসে সন্ত্রাসী হামলার সাথে জড়িতদের গ্রেফতার দাবী করে বলেন, অনতিবিলম্বে যদি এ ঘটনায় জড়িতদের গ্রেফতার করে আইনের আওতায় না আনা হয় তাহলে কঠোর কর্মসূচি দেয়া হবে।

ইস্ট ওয়েস্ট মিডিয়া গ্রুপে হামলার প্রতিবাদে মেহেরপুরে প্রতিবাদ

কালের কণ্ঠসহ ইস্ট ওয়েস্ট মিডিয়া কমপ্লেক্সের সকল মিডিয়া কার্যালয়ে সন্ত্রাসী হামলার প্রতিবাদ ও জড়িতদের গ্রেপ্তার করে শাস্তির দাবিতে মেহেরপুরে মানববন্ধন ও প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত

হয়েছে।

আজ বৃহস্পতিবার সকাল সাড়ে ১০ টা থেকে থেকে ঘন্টা ব্যাপী জেলা প্রশাসকের কার্যালয়ের চত্ত্বেও এ প্রতিবাদ সমাবেশ ও মানববন্ধন অনুষ্ঠিত হয়। মানববন্ধনে নেতৃত্ব দেন কালের কণ্ঠ পত্রিকার মেহেরপুর জেলা প্রতিনিধি ইয়াদুল মোমিন।

নিউজ ২৪ টেলিভিশনের মেহেরপুর জেলা প্রতিনিধি ডালিম সানোয়ারের সঞ্চালনায় বক্তব্য রাখেন মেহেরপুর জেলা প্রেসক্লাবের সভাপতি তোজাম্মেল আযম, বাংলাদেশ প্রতিদিনের প্রতিনিধি মাহবুবুল হক পোলেন, বাংলানিউজের জেলা প্রতিনিধি জুলফিকার আলী কানন, বাসস প্রতিনিধি দিলরুবা খাতুন, গাংনী উপজেলা প্রেস ক্লাবের সাবেক সভাপতি আমিরুল ইসলাম অল্ডাম, সাংবাদিক ও মানবাধিকার কর্মী সাদ আহমেদ, সাংবাদিক এস আই বাবু, সাজিজুল ইসলাম রাশেদুজ্জামান প্রমুখ। প্রতিবাদ সমাবেশে মেহেরপুরের কর্মরত প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার সাংবাদিককেরা অংশ নেন।

বক্তারা ইস্ট ওয়েস্ট মিডিয়ায় হামলার ঘটনায় তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়ে বলেন, কালের কণ্ঠসহ ইস্ট ওয়েস্ট মিডিয়া গ্রুপের হামলাকারীরা ইতোমধ্যে চিহিৃত হয়েছে। তাদেও গ্রেফতার কেও আইনের আওতায় এনে বিচার কার্যক্রম শুরু করতে হবে।

অন্তবর্তীকালীন সরকারের কাছে দাবি জানিয়ে বক্তারা আরও বলেন, সমাজের সকল অসঙ্গতি, সমস্যা ও সম্ভাবনা তুলে ধরা গণমাধ্যমের কাজ। সরকারকে গণমাধ্যমের পথচলা যাতে বাঁধাগ্রস্থ না হয় সেজন্য প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে। ইস্ট ওয়েস্ট মিডিয়া হাউজের সাতটি প্রতিষ্ঠানে ন্যক্কারজনক হামলায় দেশের স্বাধীন গণমাধ্যম হতবাক। হামলাকারীদের চিহ্নিত করে আইনের আওতায় এনে বিচার করার দায়িত্ব বর্তমান সরকারসহ ছাত্র-জনতার কাছে দাবি জানিয়েছেন।

বক্তারা আরও বলেন, স্বাধীন দেশে দিনে-দুপুরে মিডিয়ার ওপরে এই নগ্ন হামলা দুর্বৃত্তায়নের জানান দেয়। অচিরেই এই দূর্বৃত্তায়নের চর্চা বন্ধ করতে হবে।

আলমডাঙ্গায় ভারতের পানি আগ্রাসনের প্রতিবাদে বিক্ষোভ মিছিল ও সমাবেশ

আলমডাঙ্গা উপজেলা খেলাফত মজলিসের উদ্যোগে বাংলাদেশের বিরুদ্ধে ভারতের পানি আগ্রাসনের প্রতিবাদে বিক্ষোভ মিছিল ও সমাবেশ অনুষ্টিত হয়।

আজ বিকেল সাড়ে ৩ টার দিকে আলমডাঙ্গা উপজেলা মডেল মসজিদের সামনে থেকে বিক্ষোভ মিছিল শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিন শেষে আলতায়েবা মোড়ে সমাবেশ অনুষ্টানে সভাপতিত্ব করেন আলমডাঙ্গা উপজেলা খেলাফত মজলিসের সভাপতি মওঃ আনিসুর রহমান।প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ খেলাফত মজল কুষ্টিয়া জোনের পরিচালক মোঃ সিরাজুল ইসলাম।তিনি বলেন

দীর্ঘ ১৬ বছর দেশে গণতন্ত্র গনতন্ত্র ছিল না,আমরা স্বাধীন ভাবে সমাবেশ করতে পারিনি,কথা বলতে পারিনি,দেশে ছাত্রসমাজের ছেলেরা বৈসম্যবিরোধী আন্দোলন করে সৈরাচরি হাসিনা সরকারের পতন ঘটিয়ে নতুন করে দেশ স্বাধীন করেছে।গত ৫ই আগস্ট ছাত্রজনতার আন্দোলনের ফলে স্বৈরশাসনের পতনের মাধ্যমে দেশে বিপ্লবী ছাত্রসমাজ দেশে নির্যাতিত জনগন ও মুক্তিকামি মানুষের স্বাধীনতার স্বাদ এনে দিয়েছে। কিন্ত সৈরাচারি সরকারের প্রধান খুনি শেখ হাসিনা ভারতে আশ্রয় নিয়ে নতুন করে স্বড়যন্ত্র শুরু করেছে। ভারতের মোদি সরকার শেখ হাসিনাকে আবারও ক্ষমতায় বসানোর স্বড়যন্ত্র হিসেবে তাদের বাধ খুলে দিয়ে বাংলাদেশে ভয়ঙ্কর বন্যার সৃষ্টি করেছে,লক্ষ লক্ষ মানুষ আজ পানি বন্দি। ঐসব অসহায় পানি বন্দি মানুষের সহায়তায় আমরা সর্বপ্রকার সহায়তার হাত বাড়িয়ে দেব।আপনারা যে যতটুকু পারের বন্যার্তদের সাহায্যে এগিয়ে আসুন।তিনি আরও বলেন ভারত যত স্বড়যন্ত্রই করুক আমাদের জীবন থাকতে আমরা তাদের কাছে মাথা নত করব না।বাংলাদেশের সকল তৌহিদি জনতাকে ঐক্যগড়ে তুলতে হবে।

আমরা ডিবি অফিসের ভয়ংকর চিত্র আয়নাঘরের লোমহর্ষক ঘটনা, সাদা পোশাক বাহিনীর দুরন্ত দাপট অসহনীয় আচরণ, নির্যাচিতদের দীর্ঘশ্বাসে ৫ই আগস্ট আসতে সাহায্য করেছে।

আমরা চাই আইন বর্হিভূত হত্যার বিচার হোক, সকল দুর্নীতির বিচার

হোক, সরকারের সকল কর্মচারী, পুলিশ প্রশাসনসহ সরকারী সকল দপ্তর রাজনীতি মুক্ত হোক।

সভায় বিশেষ অতিথি ছিলেন খেলাফত মজলিস জেলা সভাপতি মনিরুজ্জামান,পৌর সভাপতি মওঃ জাকারিয়া হাবিবু, সহ-সভাপতি মওঃ হারিস মোহাম্মদ, খেলাফত মজলিস নেতা মওঃ মুক্তারুজ্জামান, মোঃ ইসাহাক আলী, উপজেলা সহ-সেক্রেটারি মওঃ আব্দুল হামিদ,শ্রমিক মজলিসের জেলা সদস্য শরিফুল ইসলাম, উপজেলা বাইতুল মাল সম্পাদক আব্দুল্লাহিল কাফি, পৌর সহ-সম্পাদক শহিদুল ইসলাম প্রমুখ।

ভারতের বাঁধ খুলে কৃত্রিম বন্যা সৃষ্টির প্রতিবাদে মেহেরপুরে বিক্ষোভ

ভারতের সঙ্গে বাংলাদেশের আন্তর্জাতিক নদীর পানির ন্যায্য হিস্যার দাবিতে এবং উদ্দেশ্যপ্রণোদিতভাবে ডুম্বুর ও গজলডোবা বাঁধ খুলে কৃত্রিম বন্যা সৃষ্টির প্রতিবাদে বিক্ষোভ মিছিল করেছেন মেহেরপুরের সাধারণ শিক্ষার্থীরা।

আজ বৃহস্পতিবার (২২ আগষ্ট) বিকেল ৫ টার দিকে মেহেরপুর প্রেস ক্লাবের সামনে এ বিক্ষোভ মিছিল অনুষ্ঠিত হয়। পরে মিছিল নিয়ে প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে শহীদ শামসুজ্জোহা পার্কে গিয়ে শেষ হয়।

সেখানে বক্তব্য দেন বিক্ষোভ মিছিলে অংশ নেওয়া কয়েকজন শিক্ষার্থী।

শিক্ষার্থীরা বলেন, ভারত সরকার অবৈধ বাদ দিয়ে বাংলাদেশকে কৃত্রিম বন্যায় ঠেলে দিয়েছে।

আন্তর্জাতিক বাঁধ নিয়মে কখনো বলা নাই যে মধ্যরাতে আকস্মিকভাবে কোনো বাঁধ খুলে দেওয়া হবে। বাঁধ খুলে দেওয়ার আগে বাংলাদেশকে একটা সতর্কতা জারি করতে হয়, ভারত সেটা করে নাই। এই সব অন্যায়

অবিচারের বিরুদ্ধে বাংলাদেশের জনগণকে রুখে দাঁড়াতে হবে।

ইস্ট ওয়েস্ট মিডিয়া গ্রুপে হামলার প্রতিবাদে চুয়াডাঙ্গায় প্রতিবাদ সভা

‘সাংবাদিকরা কারো প্রতিপক্ষ নয়। সাংবাদিকরা রাষ্ট্র ও সমাজের উন্নয়নে কাজ করে। এজন্য গণমাধ্যমের উপর যে কোনো হামলা-মামলা মেনে নেয়া হবে না।’ ইস্ট ওয়েস্ট মিডিয়া কমপ্লেক্সে হামলা ও ভাঙচুরের প্রতিবাদে চুয়াডাঙ্গা জেলা প্রেসক্লাবের সভাকক্ষে আয়োজিত প্রতিবাদ সভায় বক্তারা এসব কথা বলেন।

আজ বৃহস্পতিবার দুপুরে এ প্রতিবাদ সভা ও মানববন্ধন অনুষ্ঠিত হয়।

প্রতিবাদ সভায় সভাপতিত্ব করেন চুয়াডাঙ্গা জেলা প্রেসক্লাবের সভাপতি ও কালের কণ্ঠ প্রতিনিধি মানিক আকবর। অতিথি ছিলেন চুয়াডাঙ্গা প্রেসক্লাবের সভাপতি রাজীব হাসান কচি, সাধারণ সম্পাদক মানিক আকবর, দৈনিক সময়ের সমীকরণ পত্রিকার প্রধান সম্পাদক নাজমুল হক স্বপন ও দৈনিক আকাশ খবর পত্রিকার সম্পাদক জান্নাতুল আওলিয়া নিশি।

প্রতিবাদ সভায় বক্তারা বলেন, ইস্ট ওয়েস্ট মিডিয়ার উপর যে হামলার ঘটনা ঘটেছে, এর সুষ্ঠু তদন্ত ও বিচার করে বর্তমান সরকার স্বচ্ছতার প্রমাণ দেবে বলে আমাদের বিশ্বাস।

বক্তারা বলেন, গণমাধ্যমকর্মীরা কারো পক্ষের না। এরা রাষ্ট্রের সম্পদ। গণমাধ্যমে হামলার ঘটনায় তীব্র নিন্দা জানান বক্তারা। শেষে গণমাধ্যমেকর্মীরা চুয়াডাঙ্গা জেলা প্রেসক্লাবের সামনের সড়কে মানববন্ধন করে।

ইস্ট ওয়েস্ট মিডিয়া গ্রুপে হামলার প্রতিবাদে মেহেরপুরে মানববন্ধন

ইস্ট ওয়েস্ট মিডিয়া কমপ্লেক্সসহ বিভিন্ন গণমাধ্যমে সন্ত্রাসী হামলার প্রতিবাদ ও জড়িতদের গ্রেপ্তার করে শাস্তির দাবিতে মেহেরপুরে মানববন্ধন ও প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

আজ বুধবার সকাল ১১ টার দিকে জেলা প্রশাসক কার্যালয়ের সামনে এ মানববন্ধন অনুষ্ঠিত হয়। মানববন্ধনে নেতৃত্ব দেন কালের কণ্ঠ পত্রিকার মেহেরপুর জেলা প্রতিনিধি ইয়াদুল মোমিন।

নিউজ ২৪ টেলিভিশনের মেহেরপুর জেলা প্রতিনিধি ডালিম সারোয়ারের সঞ্চালনায় বক্তব্য রাখেন মেহেরপুর জেলা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক মাহাবুব চাদু, মেহেরপুর প্রেসক্লাবের সভাপতি ফজলুল হক মন্টু, সাবেক সাধারণ সম্পাদক আলামিন হোসেন, বাংলাদেশ প্রতিদিনের জেলা প্রতিনিধি মাহবুবুল হক পোলেন, বাংলানিউজের জেলা প্রতিনিধি জুলফিকার আলী কানন, বাসস প্রতিনিধি দিলরুবা খাতুন, গাংনী প্রেস ক্লাবের সভাপতি তৌহিদ উদ দৌলা, গাংনী উপজেলা প্রেস ক্লাবের সাবেক সভাপতি আমিরুল ইসলাম অল্ডাম, মুজিবনগর প্রেস ক্লাবের সভাপতি মুন্সি ওমর ফারুক, সাংগঠনিক সম্পাদক হাসান মোস্তাফিজুর রহমানসহ প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার সাংবাদিককেরা।

বক্তারা ইস্ট ওয়েস্ট মিডিয়ায় হামলার ঘটনায় তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়ে বলেন, কালের কণ্ঠসহ ইস্ট ওয়েস্ট মিডিয়া গ্রুপের গণমাধ্যমের সাংবাদিকরা একযোগে বেনজীরসহ বিভিন্ন দুর্নীতিবাজদের বিরুদ্ধে সংবাদ প্রকাশ করে গণমাধ্যমের বস্তুনিষ্ঠতা পরিবেশন ও প্রমাণ করতে সক্ষম হয়েছে। ইস্ট ওয়েস্ট মিডিয়া হাউজের সাতটি প্রতিষ্ঠানে ন্যক্কারজনক হামলায় দেশের স্বাধীন গণমাধ্যম হতবাক। হামলাকারীদের চিহ্নিত করে আইনের আওতায় এনে বিচার করার দায়িত্ব বর্তমান সরকারসহ ছাত্র-জনতার কাছে দাবি জানিয়েছেন।

বক্তারা আরও বলেন, স্বাধীন দেশে দিনে-দুপুরে মিডিয়ার ওপরে এই

নগ্ন হামলা দুর্বৃত্তায়নের জানান দেয়। অচিরেই এই দুর্বৃত্তায়নের চর্চা বন্ধ করতে হবে।

ইস্ট ওয়েস্ট মিডিয়া কমপ্লেক্সে হামলার প্রতিবাদে ঝিনাইদহে মানববন্ধন

দেশের শীর্ষ স্থানীয় মিডিয়া হাউজ ইস্ট ওয়েস্ট মিডিয়া কমপ্লেক্সে হামলার প্রতিবাদে ঝিনাইদহে মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে। আজ মঙ্গলবার (২০ আগস্ট) বেলা ১২টার দিকে শহরের পোস্ট অফিস মোড়ে এই মানববন্ধন অনুষ্ঠিত হয়।

বাংলাদেশ প্রতিদিন ও নিউজ টোয়েন্টিফোর টেলিভিশনের জেলা প্রতিনিধি শেখ রুহুল আমিনের সভাপতিত্বে ও কালের কণ্ঠের ঝিনাইদহ সংবাদদাতা অরিত্র কুণ্ডুর সঞ্চালনায় এতে উপস্থিত ছিলেন জেলা বিএনপির সভাপতি অ্যাডভোকেট এম এ মজিদ, সাংগঠনিক সম্পাদক সাজেদুর রহমান পপপু, বসুন্ধরা শুভসংঘের উপদেষ্টা মুক্তিযোদ্ধা লিয়াকত হোসেন, বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের জেলা সমন্বয়ক শারমিন সুলতানা, জেলা রিপোর্টাস ইউনিটির সভাপতি এম এ কবির, সাংবাদিক নেতা স্বপন মাহমুদসহ ঝিনাইদহের সামাজিক-সাংস্কৃতিক সংগঠনের নেতৃবৃন্দ।

মানববন্ধনে বক্তারা ইস্ট ওয়েস্ট মিডিয়া গ্রুপে হামলার তীব্র প্রতিবাদ ও নিন্দা জানিয়ে হামলাকারীদের দ্রুত আইনের আওতায় আনার দাবি জানান।

ঝিনাইদহে সহিংসতার প্রতিবাদে বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের বিক্ষোভ মিছিল

ঝিনাইদহসহ সারাদেশে সহিংসতা, ভাংচুর, লুটপাট ও চাঁদাবাজির প্রতিবাদে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছে বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের শিক্ষার্থীরা।

সকালে শহরের উজির আলী স্কুল এন্ড কলেজ মাঠ থেকে বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের ব্যানারে একটি বিক্ষোভ মিছিল বের করা হয়। মিছিলটি শহরের বিভিন্ন সড়ক ঘুরে কেন্দ্রীয় শহীদ মিনারে গিয়ে শেষ হয়। সেখানে সংক্ষিপ্ত সমাবেশে অনুষ্ঠিত হয়।

সমাবেশে বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের সমন্বয়ক আবু হুরাইরা, শারমিন আক্তার, আবু রাইয়ানসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

সেসময় বক্তারা, ঝিনাইদহসহ সারাদেশে সহিংসতা, লুটপাট ও চাঁদাবাজির প্রতিবাদ জানিয়ে বলেন, এরপর থেকে কোথাও কোন প্রকার লুটপাট যদি করা হয় তাহলে তার বিরুদ্ধে ছাত্ররা রুখে দাড়াবে। প্রযোজনে তাদের বিরুদ্ধে আন্দোলন গড়ে তোলা হবে বলেও হুশিয়ারি প্রদাণ করেন ।